দৈনিক বাংলা

তারিখ 18 JUL 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

কুমিল্লা বোর্ডের বাণিজ্যনীতি প্রশ্নও ফাঁস

# প্রশ্নপত্র বিক্রির জমজমাট ব্যবসা

।। নিজস্ব সংবাদদাতা ।।

মাইজদী কোর্ট, ১৭ই জুলাই।– নোয়াখালীতে গত রাতে বাণিজ্যনীতির যে প্রশ্নপত্র বিক্রি হয়েছে এবং আজ পরীক্ষার হলে যে বাণিজ্যনীতি প্রশ্ন বিলি করা হয়েছে তা হুবহু এক।

কুমিল্লা বোর্ডের চেয়ারম্যান ও শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম জনৈক সচিব নোয়াখালী সার্কিট হাউজে স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, সাংবাদিক ও জেলা প্রশাসনের ব্যক্তিদের উপস্থিতিতে প্রশ্নপত্র ফাঁসের ঘটনা স্বীকার করেন। এব্যাপারে তিনি সুষ্ঠু তদন্ত অনুষ্ঠানের আশ্বাসদেন।

এদিকে প্রতিদিন গভীর রাতে নোয়াখালী, চৌমোহনী ও লক্ষ্মীপুরে, প্রশ্নপত্র বিক্রির বাজার জমে। এরই মধ্যে বার বার প্রশ্নপত্র ফাঁস হয়ে সাধারণ পরীক্ষার্থী ও অভিভাবককে হতাশা, দুশ্চিন্তা ও বিভ্রান্তির মধ্যে ফেলে দিচ্ছে। বার বার প্রশ্নপত্র ফাঁস হবার পরে বিশেষ বিশেষ জায়গায় মটর সাইকেলযোগে দ্রুত গতিতে পরের দিনের প্রশ্নপত্র বিক্রি করা হচ্ছে। স্বল্প সময়ের মধ্যে এই প্রশ্নপত্র আসল কি নকল তা বোঝা কঠিন ব্যাপার।

প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ায় পরীক্ষার হলে কড়াকড়ি করার ফলে পত্র নোয়াখালী সরকারী কলেজের অধ্যক্ষকে লক্ষ্য করে ইট ছোড়া হয়। অল্পের জন্য তিনি প্রাণে বেঁচে গেছেন।

আজ পরীক্ষার সময় কুমিল্লা বোর্ডের চেয়ারম্যান এবং শিক্ষা মন্ত্রনালয়ের জনৈক যুগ্ম সচিব প্রশ্নপত্র ফাঁসের কথা স্বীকার করেও পরীক্ষা চালিয়ে যান। এতে পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে।

৭।